ভূগোল ও পরিবেশ

বিষয় কোড: | ১ | ১ | ০ |

সময় — ২ ঘণ্টা ৩০ মিনিট

সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান — ৭০

[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ দিয়ে লক্ষ করো এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। যে কোনো সাতটি প্রশ্নের উত্তর দিতে হবে।]

১.▶



ক. সৌরজগতের সবচেয়ে বৃহত্তম গ্রহের নাম কী? ১

খ. গ্রহকে নক্ষত্র বলা যায় না কেন? ২

গ. 'A' গ্রহে কেন প্রাণের অস্তিত্ব সম্ভব নয়-ব্যাখ্যা কর। ৩

ঘ. 'C' গ্রহটি বৈশিষ্ট্যগত দিক থেকে 'B' গ্রহটির অনুরূপ কী? মতামত দাও। ৪

২.▶ দৃশ্যকল্প : ১-মি সুজন টিভিতে দেখলেন নেপালের একটি শহর কেঁপে উঠছে এবং বাড়িঘর রাস্তাঘাট ভেঙ্গে যাচ্ছে।

দৃশ্যকল্প : ২- তিনি জিওগ্রাফিক চ্যানেলে দেখলেন প্রশান্ত মহাসাগরীয় একটি দ্বীপের একটি স্থানে ফাটল দিয়ে ভূ-অভ্যন্তরের গলিত পদার্থ বের হয়ে আসছে।

ক. আগ্নেয়গিরির মুখকে কী বলে? ১

খ. আগ্নেয়শিলাকে প্রাথমিক শিলা বলা হয় কেন? ২

গ. দৃশ্যকল্প : ২ এ ঘটে যাওয়া দুর্যোগটি সৃষ্টির কারণ ব্যাখ্যা কর। ৩

ঘ. দৃশ্যকল্প : ১ এবং ২ এর দুর্যোগ দুটির ফলাফলের তুলনামূলক বিশ্লেষণ কর। ৪

৩.▶ নিচের ছকটি লক্ষ্য কর এবং প্রশ্নগুলোর উত্তর দাও :



Teachingbd.com

ক. পৃথিবীর বৃহত্তম মহাসাগরের নাম কী? ১
খ. সমুদ্রস্রোতের উৎপত্তির প্রধান কারণ ব্যাখ্যা কর। ২
গ. মানচিত্রে 'A' স্রোতের বর্ণনা দাও। ৩
ঘ. মানচিত্রে বিভিন্ন স্রোত ব্যবসায় বাণিজ্যের ওপর কীরূপ প্রভাব ফেলে তা বিশ্লেষণ কর। ৪

৪.▶ কুসুমপুর ও রসুলপুর পাশাপাশি দুটি গ্রাম। এখানে সবক্ষেত্রেই দুটি গ্রাম সমানতালে চলে। গ্রাম দুটিতে প্রচুর কৃষি উৎপাদন হওয়ার সম্ভাবনা রয়েছে। কিন্তু মানুষের সংখ্যা এতই কম যে ঠিকমত চাষাবাদ করা যায় না। অন্য গ্রামের লোকজন বলাবলি করে কুসুমপুর ও রসুলপুর গ্রামে গিয়ে চাষাবাদ করা উচিত।

ক. বাংলাদেশের জনসংখ্যার ঘনত্ব কত? ১
খ. সামাজিক সুযোগ সুবিধা অঞ্চলে জনসংখ্যার ঘনত্ব বেশি ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে পাঠ্যপুস্তকের আলোকে যে ধারনার প্রতিফলন ঘটেছে তার ব্যাখ্যা দাও। ৩
ঘ. তুমি কী মনে কর, উদ্দীপকের বিষয়টি দেশের জন্য মঙ্গলজনক? উত্তরের স্বপক্ষে যুক্তি দাও। ৪

৫.▶

ক. বাংলাদেশ মিয়ানমার সীমারেখার দৈর্ঘ্য কত? ১
খ. বাংলাদেশের জলবায়ুকে ক্রান্তীয় মৌসুমি জলবায়ু বলা হয় কেন? ২
গ. উদ্দীপকে ক অংশে যে ঋতু উল্লেখিত হয়েছে তার বৈশিষ্ট্য ব্যাখ্যা কর। ৩
ঘ. বাংলাদেশের কৃষিক্ষেত্রে ক ও খ উল্লেখিত ঋতু দুটির অবদান সমান- মতামত দাও। ৪

৬.▶ ডঃ তুহিন একজন অর্থনীতিবিদ। তিনি বাংলাদেশের উন্নয়নের জন্য জলবিদ্যুৎ কেন্দ্রের প্রয়োজনীয়তার ওপর জোর দেন। এছাড়া তিনি মনে করেন,

http://teachingbd.com

আমাদের দেশে গাছপালা, গ্যাস, কৃষি মৃত্তিকার যথাযথ ব্যবহারে দেশের উন্নতি করা সম্ভব। তিনি এ কাজে সরকার ও জনসাধারণকে একযোগে কাজ করার আহ্বান জানান।

ক. সম্পদ কত প্রকার? ১

খ. শক্তি সম্পদের ওপর শিল্প নির্ভরশীল কেন? ২

গ. ডঃ তুহিনের আলোচনার সাথে সম্পদ সংরক্ষণের উপায়ের যোগসূত্র ব্যাখ্যা কর। ৩

ঘ. ডঃ তুহিনের আহবান দেশের উন্নয়নে সহায়ক-উদ্দীপকের আলোকে মতামত দাও। ৪

৭.▶ বাংলাদেশে এমন একটি শিল্প আছে, যে শিল্পের উৎপাদিত পণ্য বিদেশে রপ্তানি করে। বাংলাদেশ প্রচুর বৈদেশিক মুদ্রা অর্জন করে। এ পণ্যের প্রধান ক্রেতা যুক্তরাষ্ট্র। বর্তমানে এ শিল্পকে বিলিয়ন ডলার শিল্প বলা হয়।

ক. কত সালে বাংলাদেশে প্রথম সার কারখানা স্থাপিত হয়? ১

খ. বাংলাদেশ থেকে কোন কোন পোশাক বিদেশে রপ্তানি করা হয়? ২

গ. উদ্দীপকে উল্লেখিত শিল্পকে আরও সমৃদ্ধ করতে কী কী পদক্ষেপ নেওয়া যেতে পারে? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে উল্লেখিত শিল্পের অর্থনৈতিক গুরুত্ব বিশ্লেষণ কর। ৪

৮.▶ নিচের ছকটি দেখে প্রশ্নগুলোর উত্তর দাও :

পরিবহন ব্যবস্থা	পরিমাণ
A	২৮৭৭ কিলোমিটার
B	৮৪০০ কিলোমিটার

ক. ভারী পণ্য পরিবহনে কার্যকর পথ কোনটি? ১

খ. পাহাড়ী এলাকায় রেলপথ নির্মাণ করা কষ্ট কেন? ২

গ. 'A' চিহ্নিত পরিবহন ব্যবস্থা দেশের সব অঞ্চলে কী কী কারণে নির্মাণ করা সম্ভব নয়? ব্যাখ্যা কর। ৩

ঘ. 'B' চিহ্নিত পথকে দেশের যোগাযোগের প্রধান মাধ্যম হিসেবে গড়ে তুলতে হলে কী কী পদক্ষেপ নেওয়া যেতে পারে বলে তুমি মনে কর। ৪

http://teachingbd.com

৯.▶ সামির গত বছর চাঁদপুর জেলার সানকি ভাঙ্গা গ্রামে বেড়াতে যায়। সেখানে সে গ্রামের বাদাম ক্ষেত ঘুরে দেখার জন্য মাঠে বের হয়। মাঠের পাশেই রয়েছে নদী। সে লক্ষ্য করল দুই, চার মিনিট পর পর কৃষি জমির কিছু অংশে ফাটল সৃষ্টি হয়ে নদীতে পড়ে যাচ্ছে। সে আরও একটু সামনে গিয়েও একই দৃশ্য দেখল।

ক. কোন সময় নদী ভাঙ্গন বেশি হয়? ১

খ. ঘূর্ণিঝড় একটি সাময়িক প্রাকৃতিক দুর্যোগ-বুঝিয়ে লেখ। ২

গ. উদ্দীপকে পাঠ্যপুস্তকের যে ধারণার প্রতিফলন ঘটেছে তার ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকের নদী ভাঙ্গানের জন্য বেশ কিছু কারণ দায়ী-বিশ্লেষণ কর। ৪

১০.▶ সম্প্রতি প্রতিবেশী দেশ মিয়ানমারে বৌদ্ধ সম্প্রদায় ও সংখ্যালঘু রোহিঙ্গা মুসলমানদের মধ্যে জাতিগত দাঙ্গা দেখা দেয়। ফলে নিজেদের জীবন রক্ষার্থে রোহিঙ্গা মুসলমানগণ কক্সবাজারের উখিয়াতে আশ্রয় নেয়।

ক. অভিবাসন কী? ১

খ. শরণার্থী বলতে কী বোঝায় ২

গ. কক্সবাজারের উখিয়াতে রোহিঙ্গাদের আশ্রয় গ্রহন কোন ধরনের অভিগমন? ব্যাখ্যা কর। ৩

ঘ. রোহিঙ্গাদের অভিগমন ঐ অঞ্চলের সার্বিক পরিবেশের উপর কীরূপ প্রভাব ফেলবে? বিশ্লেষণ কর। ৪

১১.▶ মোহাম্মদপুর এলাকা এক সময় নিচুভূমি ছিল। বালি ভরাট করে এখানে বহুতল ভবন নির্মাণ করা হয়েছে।ফলে এ এলাকা গ্রীষ্মের সময় অত্যাধিক গরম ও বর্ষা মৌসুমে জলাবদ্ধতার শিকার হয়। 'প্রথম আলো' পত্রিকায় এক রিপোর্টে দেখা যায় এটি ঢাকা শহরের সবচেয়ে উষ্ণতম এলাকা।

ক. বাংলাদেশে কত জাতের পানি শনাক্ত করা হয়েছে? ১

খ. পুকুরের বাস্তুসংস্থান কীভাবে সংঘটিত হয়? ব্যাখ্যা কর। ২

গ. মোহাম্মদপুর এলাকার এ ধরনের পরিস্থিতির কারণ ব্যাখ্যা কর। ৩

ঘ. মোহাম্মদপুর এলাকার পরিবেশের ভারসাম্য রক্ষার উপায়গুলো বিশ্লেষণ কর। ৪

Teachingbd.com

বহুনির্বাচনি অভীক্ষা

সময় — ৩০ মিনিট   পূর্ণমান — ৩০   বিষয় কোড: ১ ১ ০

[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১।]

১. সর্বপ্রথম কোথায় GIS এর ব্যবহার শুরু হয়?
ⓚ যুক্তরাষ্ট্র ⓚ যুক্তরাজ্য
ⓖ কানাডা ⓖ জার্মানি

২. কোন গ্রহে বায়ুমণ্ডল নেই?
ক) শনি খ) বুধ
গ) মঙ্গল ঘ) নেপচুন

৩. গ্রিনিচ কোথায় অবস্থিত?
ক) জাপান খ) যুক্তরাজ্য
গ) যুক্তরাষ্ট্র ঘ) জার্মানি

৪. সাংস্কৃতিক মানচিত্রের আওতাভুক্ত—
i. স্থানীয় মানচিত্র
ii. ঐতিহাসিক মানচিত্র
iii. মৌজা মানচিত্র
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) ii ও iii
গ) i ও iii ঘ) i, ii ও iii

৫. প্রবাহমান দুটি নদীর মধ্যবর্তী ভূমিকে কী বলে?
ক) দোয়াব খ) নদীসঙ্গম
গ) নদীগর্ভ ঘ) উপত্যকা

৬. কর্ণফুলী নদীর উৎপত্তিস্থল কোথায়
ক) লুসাই খ) সিলেট
গ) খাগড়াছড়ি ঘ) চাঁদপুর

৭. মহাকাশ গবেষনার জন্য একটি সংস্থা হচ্ছে-
ক) স্পারসো খ) ইউনিসেফ
গ) সাকেপ ঘ) ইউএনএইড

৮. পশুচারণ এলাকায় সাধারণত কোন ধরনের বসতি দেখা যায়?
ক) ছড়ানো খ) অনুকেন্দ্রিক
গ) পুঞ্জিভূত ঘ) গোষ্ঠীয়

৯. তাজিনডং কোন জেলায় অবস্থিত?
ক) চট্টগ্রাম খ) বান্দরবান
গ) খাগড়াছড়ি ঘ) রাঙামাটি

১০. বনভূমি কোন দেশের জন্য গুরুত্বপূর্ণ। কারণ—
i. কাঁচামাল সরবরাহ করে
ii. প্রাকৃতিক দুর্যোগ বাড়ায়
iii. মৃত্তিকার ক্ষয় রোধ করে
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

১১. কোন জমিতে চা ভাল হয়?
ক) সমতল ভূমিতে
খ) নদী উপকূলবর্তী অঞ্চলে
গ) ঢালু পাহাড়ি জমিতে
ঘ) নিম্নভূমিতে

নিচের ছবি দেখে ১২-১৪ নং প্রশ্নের উত্তর দাও।

১২. 'ক' চিহ্নিত স্থানে কোন ধরনের ভূমিরূপ দেখা যাবে?
ক) সোপানভূমি
খ) চত্বরভূমি
গ) প্লাইস্টোশিন কালের ভূমি
ঘ) টারশিয়ারী যুগের পাহাড়

১৩. 'খ' চিহ্নিত স্থানটিতে গড়ে ওঠা বনভূমির বৈশিষ্ট্য হলো—
i. গরান বনভূমি
ii. সুন্দরী প্রধান বৃক্ষ
iii. অনেক পশুপাখি আছে
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

১৪. 'ক' ও 'খ' চিহ্নিত ভূমিরূপ ও বনভূমি বাংলাদেশের কোন ধরনের উন্নয়নের সাথে জড়িত?
ক) ব্যক্তিগত
খ) পারিবারিক
গ) অর্থনৈতিক
ঘ) রাজনৈতিক

Teachingbd.com

১৫. কোন স্থান 30° পূর্বে অবস্থিত হলে সময়ের পার্থক্য হবে?
ⓚ ১২০ মিনিট ⓚ ১০০ মিনিট
ⓖ ৯০ মিনিট ⓖ ১০০ মিনিট

(ক) ১২০ মিনিট (খ) ১০০ মিনিট
(গ) ৯০ মিনিট (ঘ) ১০০ মিনিট

১৬. কোন ধরনের নগরায়ন বাসস্থানের তীব্র সংকট সৃষ্টি করে?
(ক) পরিকল্পিত (খ) অপরিকল্পিত
(গ) কৃত্রিম (ঘ) প্রাকৃতিক

১৭. আহ্নিক গতির ফলে হয়-
(ক) ঋতু পরিবর্তন
(খ) সমুদ্রস্রোত
(গ) আবহাওয়ার পরিবর্তন
(ঘ) ঝড়-বৃষ্টি

১৮.

চিত্রে প্রদর্শিত বৃষ্টি বাংলাদেশের কোন এলাকায় দেখা যাবে?
(ক) সমতল ভূমিতে
(খ) বরেন্দ্র এলাকায়
(গ) পাহাড়িয়া এলাকায়
(ঘ) সোপান ভূমিতে

১৯. কোন শিল্পের জন্য শতাধিক শ্রমিক প্রয়োজন?
(ক) ক্ষুদ্র (খ) মাঝারি
(গ) বৃহৎ (ঘ) অতিবৃহৎ

২০. বাংলাদেশে কখন কালবৈশাখী ঝড় হয়?
(ক) মার্চ-মে
(খ) মার্চ-এপ্রিল
(গ) এপ্রিল-জুন
(ঘ) মে-জুন

২১. ধলেশ্বরীর শাখা নদী কোনটি?
(ক) তিস্তা (খ) হালদা
(গ) বুড়িগঙ্গা (ঘ) আত্রাই

২২. $২৩\frac{১^{\circ}}{২}$ উত্তর অক্ষাংশকে বলে-
(ক) মকরক্রান্তি (খ) কর্কটক্রান্তি
(গ) অক্ষরেখা (ঘ) মেরুরেখা

২৩. বাংলাদেশের গুরুত্বপূর্ণ পর্যটন কেন্দ্র হলো-
(ক) নারায়ণগঞ্জ (খ) ঢাকা
(গ) কক্সবাজার (ঘ) পঞ্চগড়

২৪. কোন যন্ত্রের সাহায্যে সমুদ্রের গভীরতা মাপা যায়?
(ক) ব্যারোমিটার (খ) ফ্যাদোমিটার
(গ) সেক্সট্যান্ট (ঘ) সিসমোগ্রাফ

২৫. বাংলাদেশের প্রধান রপ্তানি পণ্য কোনটি?
(ক) ভোজ্যতেল (খ) পোশাক
(গ) পেট্রোলিয়াম (ঘ) যন্ত্রপাতি

নিচের অনুচ্ছেদ পড়ে ২৬-২৭ নং প্রশ্নের উত্তর দাও:
রিমি টিভিতে দেখল যে একটি শান্ত সমুদ্রে জাহাজ ক্যানারি স্রোত অতিক্রম করছে। হঠাৎ জাহাজটি প্রচণ্ড জোড়ে ধাক্কা খেয়ে ডুবে যাচ্ছে।

২৬. রিমির দেখা জাহাজটি কোন মহাসাগরের মাঝে চলছিল?
(ক) প্রশান্ত (খ) উত্তর
(গ) আটলান্টিক (ঘ) ভারত

২৭. জাহাজটি কিসের সাথে ধাক্কা খেয়েছিল?
(ক) মগ্নচড়া (খ) হিম প্রাচীর
(গ) অন্তরীকা (ঘ) হিমশৈল

২৮. উন্নত বিশ্বে জনসংখ্যা কোন পর্যায়ে আছে?
(ক) বৃদ্ধিরত
(খ) স্থিতিশীল
(গ) হ্রাসরত
(ঘ) অস্থিতিশীল

২৯. দুর্যোগ হলো বিপর্যয়ের——
(ক) পূর্বের ঘটনা
(খ) সংগঠনের সময়ের ঘটনা
(গ) পরের ঘটনা
(ঘ) কারণে সৃষ্ট বন্যা

৩০. বাংলাদেশের সম্ভাবনাময় শিল্প হলো-
(ক) পর্যটন শিল্প
(খ) যানবাহন শিল্প
(গ) জাহাজ শিল্প
(ঘ) গৃহনির্মাণ শিল্প

উত্তর																														
	১	ক	২	খ	৩	খ	৪	ক	৫	ক	৬	ক	৭	ক	৮	ক	৯	খ	১০	খ	১১	গ	১২	ঘ	১৩	ঘ	১৪	গ	১৫	ক
	১৬	খ	১৭	খ	১৮	গ	১৯	খ	২০	খ	২১	ঘ	২২	খ	২৩	গ	২৪	খ	২৫	খ	২৬	গ	২৭	ঘ	২৮	খ	২৯	ক	৩০	ক

Teachingbd.com